গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০০৬.২২-৩২১

তারিখ : ১২ অগ্রহায়ণ ১৪৩২
২৭ নভেম্বর ২০২৫

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ খায়রুজ্জামান মন্ডল, সাবেক সাব-রেজিস্ট্রার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা [বর্তমানে নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত কর্মকর্তা]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ'-এর অভিযোগ আনয়নপূর্বক ০১/২০২৩ নং বিভাগীয় মামলা রুজু করত: কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, জনাব মোঃ খায়রুজ্জামান মন্ডল উক্ত কারণ দর্শানোর নোটিশের কোনো জবাব প্রদান করেননি;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক জনাব মোঃ খায়রুজ্জামান মন্ডল-এর বিরুদ্ধে 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে জনাব মোঃ খায়রুজ্জামান মন্ডল-কে অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক কোনো ব্যাখ্যা প্রদান করতে পারেননি; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে 'চাকুরী হতে বরখাস্ত' করার সিদ্ধান্তের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হলে কমিশন এ সংক্রান্ত কাগজপত্রাদি পরীক্ষান্তে জনাব মোঃ খায়রুজ্জামান মন্ডল, সাবেক সাব-রেজিস্ট্রার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা [বর্তমানে নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত কর্মকর্তা]-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকুরী হতে বরখাস্ত' শীর্ষক গুরুদণ্ড প্রদানে আইন ও বিচার বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

সেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ অনুযায়ী জনাব মোঃ খায়রুজ্জামান মন্ডল, সাবেক সাব-রেজিস্ট্রার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা [বর্তমানে নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত কর্মকর্তা]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী তাকে 'চাকুরী হতে বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৭/১১/২৫
(লিয়াকত আলী মোল্লা)
সচিব

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০০৬.২২-৩২১/১(১০)

তারিখ : ২৭-১১-২০২৫ খ্রি.

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো]।
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৬. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গাইবান্ধা।
৭. জেলা রেজিস্ট্রার, গাইবান্ধা।
৮. জনাব মোঃ খায়রুজ্জামান মন্ডল, সাবেক সাব-রেজিস্ট্রার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা [বর্তমানে নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত কর্মকর্তা]।
৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অফিস কপি/গার্ড ফাইল।

২৭.১১.২৫
(মোহাম্মদ আযিযুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৪১০৫২১৭২